মেহেরপুর পৌরসভা কার্যালয়

মেহেরপুর।

'নারী ও শিশু বিষয়ক' স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী।

মেহেরপুর পৌরসভার উদ্দোগে অদ্য ২৪/০৬/২০২০ ইং তারিখ রোজ বুধবার বেলা ১০.০০ ঘটিকায় পৌরসভার কালাচাঁদ সভাকক্ষে 'নারী ও শিশু বিষয়ক' স্থায়ী কমিটির মাসিক সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন অত্র পৌরসভার ৭, ৮, ও ৯ নং ওয়ার্ডের সংরক্ষিত আসনের মহিলা কাউন্সিলর জনাবা হামিদা।

আলোচ্য সূচী :

১. বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

২.পৌর মার্কেটগুলি সহ অন্যান্য মার্কেটগুলিতে মহিলাদের জন্য আলাদা টয়লেট ও হাত ধোয়ার বেসিন নির্মাণ প্রসংগে।

৩. বিবিধ।

সভার শুরুতে সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দকে আন্তরিক অভিনন্দন জানিয়ে সভার কার্যক্রম শুবু করেন।

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন	সভায় সভাপতি মহোদয় আলোচ্য বিষয় অনুযায়ী অত্র পৌরসভার বস্তি উন্নয়ন কর্মকর্তা ও অত্র কমিটির সাচিবিক দায়িত্ব পালনকারী জনাব খোন্দকার জাহিদুল হককে গত ২৪/০৩/২০২০ ইং তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরনী অত্র সভায় পাঠ করার অনুরোধ করেন। কার্যবিবরণীটি পাঠান্তে কোন সংশোধনী বা সংযোজনী না থাকায় উহা সর্বসম্মতিক্রমে সভায় গৃহীত হয়।	পঠিত ও গৃহীত হল।
পৌর মার্কেট গুলি সহ অন্যান্য মার্কেট গুলিতে মহিলাদের জন্য আলাদা টয়লেট ও হাত ধোয়ার বেসিন নির্মাণ প্রসংগে।	নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাবা হামিদা সভায় জানান যে, বাংলাদেশ পৃথীবিবর সকল দেশেই বর্তমানে করোনা ভাইরাস (কোভিড-১৯) এর প্রভাবে বিশ্ব মহামারী শুরু হয়েছে। আজ পর্যন্ত এই ভাইরাসে সারা বিশ্বে প্রায় ৫ লক্ষ লোক মারা গেছে এবং প্রায় ১ কোটি লোক আক্রান্ত হয়েছে। এর প্রভাবে গত ২ মাস (এপ্রিল ও মে) সমস্ত অফিস বন্ধ থাকায় এই কমিটির মিটিং অনুষ্ঠিত হতে পারেনি। তিনি বলেন স্বাস্থ্য বিভাগের নির্দেশনা এবং সরকারে নির্দেশনায় ইতি মধ্যে আমরা জেনেছি যে, এই ভাইরাস থেকে বাচতে হলে আমাদের ঘন ঘন সাবান পানি দিয়ে কমপক্ষে ২০ সেকেন্ড ধরে হাত ধুতে হবে। এছাড়া অন্যের সংস্পর্শে আসা থেকে বিরত থাকতে হবে। মেহেরপুর পৌরসভার বেশ কয়েকটি মার্কেট আছে যেখানে নারীদের জন্য আলাদা কোন টয়লেট নেই এবং হাত ধোয়ার কোন ব্যবস্থা নেই। বর্তমান	পৌর পরিষদ ও নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সকল সদস্য এ ব্যাপারে কাজ করবেন।

	পরিস্থিতিতে করোনা ভাইরাস থেকে বাচতে হলে স্বাস্থ্য সম্মত ভাবে চলতে হবে বিধায় মার্কেট গুলিতে নারীদের জন্য আলাদা ভাবে হাত ধোয়ার বেসিন ও আলাদা টয়লেট নির্মান করা অতিব জরুরী। বিষয়টি মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষন করেন। এ বিষয়ে মেয়র মহোদয় সভায় বলেন, বিষয়টি খুবই গুরুত্বপূর্ণ। তিনি জানান, ইতি মধ্যে কয়েকটি মার্কেটের সামনে পৌরসভা হতে বেসিন স্থাপন করা হয়েছে। এছাড়া বেশ কয়েকটি মার্কেটে ব্যাক্তি উদ্দোগে বেসিন স্থাপনের জন্য মালিকদের সচেতন করা হয়েছে এবং তারা করেছেও। এছাড়া নারীদের জন্য আলাদা টয়লেট ইতি পূর্বে নির্মাণ করা হয়েছে এবং ভবিষ্যতেও নারীদের জন্য বিভিন্ন মার্কেটে আলাদা টয়লেট ও বেসিন নির্মান অব্যহত থাকবে। তিনি এ বিষয়ে 'নারী ও শিশু বিষয়ক' স্থায়ী কমিটির সকল সদস্যের সার্বিক সহযোগিতা কামনা করেন।	
বিবিধ	জনাব মোছাঃ আলপনা খাতুন, কাউন্সিলর, ১,২ও ৩ নং ওয়ার্ড (সংরক্ষিত), মেহেরপুর পৌরসভা, সভায় বলেন, সরকার থেকে প্রত্যেকের জন্য মাস্ক ব্যবহার অপরিহার্য করা যে নারী ও শিশু মাস্ক বিহীন বাইরে আসে তাদেরকে সচেতন করাসহ ফ্রি মাস্ক বিতরণ করা যায় কিনা এ ব্যাপারে তিনি মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। মেয়র মহোদয় বলেন, পৌরসভা হতে ইতি মধ্যে মাস্ক ও হ্যান্ড স্যানিটাইজার বিতরণ করা হয়েছে এবং এখনও এই কার্যক্রম অব্যহত আছে। এছাড়া জনগণকে সচেতন করতে বিভিন্ন মিটিং, মাইকিং, উঠান বৈঠকসহ নানাবিধ কর্মসূচী চলমান আছে। এছাড়া তিনি এই সভার সকল সদস্যদের আহবান জানান, যাতে প্রত্যেকেই যার যার অবস্থান থেকে পৌরবাসিকে সচেতন করেন।	পৌর পরিষদ।

সভার এই পর্যায়ে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে আবারো ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(হামিদা)
মহিলা কাউন্সিলর ১, ২ ও ৩ নং ওয়ার্ড
ও সভাপতি
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
মেহেরপুর পৌরসভা।

অনুলিপি অবগতির জন্য প্রেরিত হল:

১. প্রকল্প পরিচালক, তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ" শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্প।

২. ...., সদস্য, নারী ও শিশু কমিটি।

মেহেরপুর পৌরসভা কার্যালয়

মেহেরপুর।

পরিশিষ্ট কঃ

সভার নামঃ 'নারী ও শিশু বিষয়ক' স্থায়ী কমিটির সভা

সভার তারিখঃ ২৪/০৬/২০২০ ইং

সভার সময়ঃ বেলা ১০.০০ ঘটিকা

সভার স্থানঃ পৌর কালাচাঁদ সভা কক্ষ

সভায় উপস্থিত সদস্যগনের নাম ও স্বাক্ষরঃ

ক্রঃনং	নাম	পদবী	স্বাক্ষর
১	জনাব মোঃ মাহফুজুর রহমান রিটন	মেয়র, মেহেরপুর পৌরসভা	[signature]
২	জনাবা মোছাঃ আলপনা খাতুন	মহিলা কাউন্সিলর ১, ২ ও ৩ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	[signature]
৩	জনাব মোছাঃ শিউলী খাতুন	মহিলা কাউন্সিলর ৪, ৫ ও ৬ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	[signature]
৪	জনাব নুরুল আশরাফ রাজীব	কাউন্সিলর, ০৭ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	[signature]
৫	জনাব সৈয়দ মনজুরুল কবীর	কাউন্সিলর, ০৮ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	[signature]
৬	মোছাঃ হাসিনা খাতুন	টিএলসিসি সদস্য, মেহেরপুর পৌরসভা	[signature]
৭	খোন্দকার জাহিদুল হক	বস্তি উন্নয়ন কর্মকর্তা, মেহেরপুর পৌরসভা	[signature] 24/06/20
৮	মোঃ আরিফুল ইসলাম	CDA (UGIIP)	[signature]
৯	মোঃ মোশারফ হোঃ	C.F.W (UGIIP-III)	[signature]
১০	মোঃ সাবু মিয়া	C.FW (UGIIP-III)	[signature]